

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ

২০১২ইং সনের ১নং গঠনবিধি।

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২রা জানুয়ারী, ২০১২ইং রোজ সোমবার বেলা ১০ঃ৩০ মিনিট হইতে -

১। বিচারপতি মোঃ মিজানুর রহমান ভূঞা

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ২০০০ইং সন পর্যন্ত একক বেঞ্চে গ্রহনযোগ্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

২। বিচারপতি সৈয়দ এ.বি. মাহমুদুল হক

এবং

বিচারপতি মোঃ রেজাউল হাসান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ২০০৫ইং পর্যন্ত ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী কার্যবিধির ৪৩৯, ৪৯৮ এবং ৫২৬ ধারামতে মোকদ্দমাসমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

৩। বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ

এবং

বিচারপতি মোঃ আশরাফুল কামাল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট ও কাস্টমস, এম.পি.ও., শিক্ষকদের চাকুরী, শ্রম আইন ও শ্রম আদালত সংক্রান্ত রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী এবং কাস্টমস আপীল শুনানী এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

৪। বিচারপতি এ.কে.এম. আসাদুজ্জামান

এবং

বিচারপতি মোঃ মঈনুল ইসলাম চৌধুরী

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল ফৌজদারী আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী কার্যবিধির ৪৩৯, ৪৯১, ৪৯৮ এবং ৫৬১এ ধারামতে মোকদ্দমাসমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

৫। বিচারপতি মোহাম্মদ মারযি-উল-হক

এবং

বিচারপতি মোঃ রুহুল কুদ্দুস

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ২০০৬ইং পর্যন্ত ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল, ফৌজদারী বিবিধ মোকদ্দমা, ফৌজদারী রিভিশন মোকদ্দমাসমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

৬। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান

এবং

বিচারপতি মোঃ হাবিবুল গণি

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট কাস্টমস, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ, শ্রম আদালত ব্যতীত সকল রীট মোশন এবং তৎসংক্রান্ত শুনানী এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র।

৭। বিচারপতি এম. মোয়াজ্জাম হোসেন

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের আবেদনপত্র ও আপীল এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল; ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক “নির্বাচনী” আবেদনপত্র; যে সব বিষয়ে এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন করিবেন।

৮। বিচারপতি মোঃ নূরুজ্জামান

এবং

বিচারপতি কাজী রেজা-উল হক

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য প্রথম আপীল; প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল এবং দেউলিয়া বিষয়ক আইনের অধীনে আপীলসমূহ; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলের ৯ অধ্যায়ের ১৪ রুল অনুযায়ী শুনানীর জন্য ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; প্রথম আপীল, ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য প্রথম বিবিধ আপীল, ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ধৃত সকল লয়াজিমা বিষয় এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র।

প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ- ০১/০১/২০১২ইং।

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি মোঃ মিজানুর রহমান ভূঞা
- ২। বিচারপতি সৈয়দ এ.বি. মাহমুদুল হক
- ৩। বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ
- ৪। বিচারপতি এ.কে.এম. আসাদুজ্জামান
- ৫। বিচারপতি মোহাম্মদ মারযি-উল-হক
- ৬। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান
- ৭। বিচারপতি এম. মোয়াজ্জাম হোসেন
- ৮। বিচারপতি মোঃ নূরুজ্জামান
- ৯। বিচারপতি মোঃ মঈনুল ইসলাম চৌধুরী
- ১০। বিচারপতি মোঃ রেজাউল হাসান
- ১১। বিচারপতি কাজী রেজা-উল হক
- ১২। বিচারপতি মোঃ হাবিবুল গণি
- ১৩। বিচারপতি মোঃ রুহুল কুদ্দুস
- ১৪। বিচারপতি মোঃ আশরাফুল কামাল